# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/

তারিখঃ ২১।০৩।২০২০

"নোটিশ"

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সম্মানীত সদস্যগনকে জানানো যাইতেছে যে, আগামী ১১/০৩/২০২০ ইং তারিখ রোজ বুধবার সকাল ১১:০০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির এক সভা অনুষ্ঠিত হইবে ।

উক্ত সভায় সম্মানীত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য বিষয়সমূহঃ-
১) বিগত সভার কার্য বিবরনী পাঠ ও বিতরন।
২) অগামী ১৭ই মার্চ, ২০২০ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষে আলোচনা।
৩) দুস্থ্য নারীদের আত্মকর্ম সংস্থানের ব্যবস্থা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৪) বিবিধ।

২১।০৩।২০২০ইং

(সঞ্জয় কুমার মজুমদার)
৬নং ওয়ার্ড কাউন্সিলর
ও
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়কঅতিরিক্ত স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

প্রাপকঃ জনাব-------------------------------

-------------------------------

সদস্য/ সদস্য-সচিব
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা , কোটালীপাড়া , গোপালগঞ্জ।
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৩। নির্বহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৪। সংশিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।
ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭
E-mail: mayor_kotali.poura@yahoo.com

## দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি এর সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখ ঃ ২১/০৬/২০২০ইং সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

| ক্রঃ নং | নাম | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | সঞ্জয় কুমার মজুমদার | সভাপতি | ২১/০৬/২০২০ |
| ০২ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | সদস্য | |
| ০৩ | সালেহা বেগম | সদস্য | ২১/০৬/২০২০ইং |
| ০৪ | রুবিয়া বেগম | সদস্য | ২১/০৬/২০২০ইং |
| ০৫ | মোঃ আলম গাজী | সদস্য | ২১/০৬/২০২০ইং |
| ০৬ | সরদার মাহবুবুর রহমান | সদস্য | |
| ০৭ | কাজী হাফিজা | সদস্য | ২১/০৬/২০২০ইং |
| ০৮ | বাবুল শিকদার | সদস্য | |
| ০৯ | আবু সাইদ খান | সদস্য- সচিব | ২১/০৬/২০২০ইং |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়
## কোটালীপাড়া, গোপালগঞ্জ।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরনী

সভাপতি ঃ জনাব সঞ্জয় কুমার মজুমদার, কাউন্সিলর ০৬ নং ওয়ার্ড, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া।
স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখ ঃ ১১/০৩/২০২০ খ্রিঃ।
রোজ ঃ বুধবার।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম (সর্ব জনাব) স্বাক্ষর ক্রমানুসারে

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | মেয়র, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া। |
| ০২ | জনাব সালেহা খানম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-২, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া। |
| ০৩ | জনাব রুবিয়া বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-১, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া। |
| ০৪ | জনাব মো: আলম গাজী | কাউন্সিলর, ওয়ার্ড নং-০৮, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া। |
| ০৫ | জনাব সরদার মাহবুবুর রহমান | নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া। |
| ০৬ | জনাব কাজী হাফিজা | দরিদ্র শ্রেনীর প্রতিনিধি, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া। |
| ০৭ | জনাব বাবুল শিকদার | দরিদ্র শ্রেনীর প্রতিনিধি, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া। |
| ০৮ | জনাব আবু সাইদ খান | ভারঃ বস্তি উন্নয়ন কর্মকর্তা, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া। |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন সঞ্জয় কুমার মজুমদার, কাউন্সিলার ০৬নং ওয়ার্ড, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। সভাপতি সাহেব উপস্থিত সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা কর্মচারী বৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন | সভার কার্য বিবরনী পাঠ করা হলো এবং কার্যবিবরনী বিতরন করা হলো। | কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। |
| ০২ | অগামী ১৭ই মার্চ, ২০২০ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্যাপন উপলক্ষে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্য এবং কোটালীপাড়া পৌরসভার সুযোগ্য মেয়র জনাব মো: কামাল হোসেন শেখ মুজিব শতবার্ষিকি-২০২০ উপলক্ষে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলাদেশের রুপকার বাঙালি জাতির অহংকার জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে শ্রদ্ধাভরে স্মরণ করে বলেন- হে প্রিয় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমি আনন্দের সঙ্গে জানাতে চাই যে তোমার স্বাপ্ন আজ তোমরই সুযোগ্য কন্যা জননেত্রী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে পূরণ হতে চলেছে। তুমি বিশ্বের কোটি কোটি মানুষের হৃদয় জয় করেছো। এই মহামানবের অগামী ১৭ই মার্চ, ২০২০ জন্ম শতবার্ষিকীতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের যুগান্তকারী ভাষণ আর ঐতিহাসিক ঘটনাগুলো পর্যবেক্ষণ, রাজপথের সংগ্রাম, দীর্ঘ কারাবাসসহ দেশ গড়ার কাজে তাঁর নেতৃত্ব দানের নানা দিক সম্বন্ধে জানতে আগ্রহী তরুন প্রজন্ম। তাই পৌরসভা কার্যালয়ের অভ্যন্তরে একটি মুজিব কক্ষ স্থাপন করা যেতে পারে। মুজিব শতবার্ষিকি-২০২০ বাস্তবায়নের লক্ষে পৌরসভার পক্ষ থেকে বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম গ্রহণ যাতে পারে যেমন- পৌরসভার কার্যলয় ভবন লাইটিং করা, কোটালীপাড়া উপজেলা | অগামী ১৭ই মার্চ, ২০২০ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্যাপন সফলভাবে বাস্তবায়নের সিদ্ধন্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| | | পরিষদ চত্বরে বিশেষ আলেচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজনা করা, কোটালীপাড়া উপজেলা পরিষদ চত্বরে ১০০ পাউন্ডের কেক কাটা, গরবী-দূ:খীসহ সকলস্তরের ব্যক্তিগণকে সাথে নিয়ে মধ্যাণ্য ভোজের আয়োজন করা, প্রজেক্টরের মাধ্যমে বঙ্গবন্ধুর ভিডিও ফুটেজ প্রদর্শন, পৌর এলাকায় দেওয়ালে বাংলাদেশের পতাকা আঁকানো, কোটালীপাড়া পৌরসভার প্রতিটি ওয়ার্ড পরিষ্কার পরিচ্ছন্ন করাসহ নানা বিধ কার্যক্রম গ্রহণ করা হবে। এসকল কার্যক্রম বাস্তাবায়ন করতে আইনশৃঙ্খলা পরিস্থিতি যাতে স্বাভাবিক থাকে সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলকের সহযোগীতা কামনা করছি। | |
| ০৩ | দুস্থ্য নারীদের আত্মকর্ম সংস্থানের ব্যবস্থা করা প্রসঙ্গে আলোচনা । | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি জনাব জনাব সঞ্জয় কুমার মজুমদার বলেন- আমাদের সমাজে অনেক নারী আছেন যারা অত্যন্ত গরীব ও অসহায়। একটু সহযোগীতা বা প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্ম সংস্থানে সুযোগ পেলে তারা স্বাভাবিক জীবন-যাপন করতে পারে। হত দরিদ্র এলাকার মাহিলারা পরিবারে অর্থনৈতিকভাবে কোন অংশগ্রহণ করতে পারে না। শুধু মাত্র ঘরের কাজ করে আবার অনেকটা সময় অলসভাবে কেটে যায়। এসকল মহিলাদের আয় বর্ধক প্রশিক্ষণের আওতায় এনে প্রশিক্ষণ দিয়ে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করা যেতে পারে। শপিং ব্যাগ তৈরী প্রশিক্ষণ, হাঁস-মুরগি বা গৃহপালিত পশু পালন প্রশিক্ষণ, নকশি কাথা সেলাই প্রশিক্ষণ, মাশরুম চাষ প্রশিক্ষণ, সেলাই প্রশিক্ষণ প্রভৃতি নানা ধরনের বর্তমান সময়ের উপযোগী প্রশিক্ষণ দিয়ে তাদেরকে স্বাবলম্বী করা যেতে পারে। এই ক্ষুদ্র ব্যবসার মাধ্যমে সে তার পরিবারে অর্থনৈতিক চাকা স্বাচল রেখে সমাজের তথা সুখি, সমৃদ্ধি এবং আত্মনির্ভরশিল বাংলাদেশ গড়ার গর্ভিত অংশিদার হতে পারবে। | দুস্থ্য নারীদের আত্মকর্ম সংস্থানের ব্যবস্থা করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৪ | বিবিধঃ | সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন। | |

(সঞ্জয় কুমার মজুমদার)
কাউন্সিলার ০৬নং ওয়ার্ড ও
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

অনুলিপিঃ

১। প্রকল্প পরিচালক, UGIIP-III, LGED, লেভেল-৯, আগারগাঁও, ঢাকা ।
২। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
৩। জনাব......................................... সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।
৪। ...................................................................................
৫। নোটিশ বোর্ড/অফিস নথি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।